"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং-৫৭.০৩.০০০০.০১৯.২৩.০৩৫.২০- ৯৬ তারিখঃ ২৬নভেম্বর, ২০২০খ্রিঃ।

**বিষয়: ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস পালন ও বঙ্গবন্ধু অনলাইন কুইজ প্রতিযোগিতায় সহযোগিতা প্রদান।**

**সূত্র** : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির স্মারক নং- বাস্তবায়ন কমিটি/সেমি.উ.ক./২০১৯-৭১০ তারিখঃ ১৬ নভেম্বর, ২০২০খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস পালন এবং মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে ০১ ডিসেম্বর ২০২০ হতে ১০০ দিনব্যাপি অনলাইন কুইজ প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক কার্যক্রম সম্পাদন শেষে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ( ০২ পাতা )

26/11/2020

(প্রকৌ. মোঃ খুরশিদ আলম)
সহকারী পরিচালক

**সদয় কার্যার্থে বিতরণ(জেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১। পরিচালক (প্রশাসন/ ভেকেশনাল/পিআইডব্লিউ/ পিআইইউ/ পরি: ও উন্ন:), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। প্রকল্প পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৩। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা/ ইঞ্জিনিয়ারিং কলেজ(ফরিদপুর/সিলেট/ ময়মনসিংহ/বরিশাল বিভাগ)।
৪। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল বিভাগ)।
৫। অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট(সকল)/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
৬। অধ্যক্ষ, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট/ গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/গ্লাস এন্ড সিরামিক ইনস্টিটিউট/সার্ভে ইনস্টিটিউট, কুমিল্লা।
৭। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ(সকল)।
৮। সহকারী পরিচালক (শাখা-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৯। ইকুপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর ও সার্ভিসিং সেন্টার, পাঠানটুলি, নারায়ণগঞ্জ।
১০। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
১১। প্রতিষ্ঠান প্রধান, বেসরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান (সকল)।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। সহকারী সচিব, সমন্বয় শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর(পত্রটি ওয়েভ সাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মেইলে প্রেরণের অনুরোধসহ)।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। নথি

| কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>মহাপরিচালকের দপ্তর | | |
|---|---|---|
| পরিচালক (প্রশাসন) | | পরিচালক (পিআইডব্লিউ) |
| পরিচালক (ভোকেশনাল) | | পরিচালক (পিআইইউ) |
| পরিচালক (পরিঃ ও উন্নঃ) | | পি এ টু মহাপরিচালক |
| | | |
| ৩৪৫ | | মহাপরিচালক |
| ডকেট নং | | তারিখঃ- ২৫/১১/২০ |

AD (PIW)
23.11.20

জয় বাংলা

জয় বঙ্গবন্ধু

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

৫ম তলা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

স্মারক নং-বাস্তবায়ন কমিটি/ সেমি.উ.ক./২০১৯- ৭১০

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪২৭ / ১৬ নভেম্বর ২০২০

বিষয়:- ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস পালন ও বঙ্গবন্ধু অনলাইন কুইজ প্রতিযোগিতায় সহযোগিতা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী মুজিববর্ষ উপলক্ষ্যে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হবে। এ দিবসটিকে যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য আপনার অধীনে পরিচালিত সকল শিক্ষা প্রতিষ্ঠানকে সদয় নির্দেশনা দেওয়ার জন্য অনুরোধ করা হল। এ দিবসের ইতিহাস ও তাৎপর্য তুলে ধরার জন্য অনলাইনে অথবা যেখানে সম্ভব স্বাস্থ্যবিধি অনুসরণ করে আলোচনা অনুষ্ঠান আয়োজনের জন্যও বিশেষভাবে অনুরোধ করা হল। শিক্ষার্থীদের মধ্যে এ দিবস সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ রচনা প্রতিযোগিতারও আয়োজন করা যেতে পারে।

২. এ উপলক্ষ্যে জাতীয় বাস্তবায়ন কমিটির পক্ষে "সেমিনার, ওয়ার্কশপ ও আলোচনা সভা আয়োজন উপকমিটি" দেশী ও বিদেশী বিশেষজ্ঞ প্যানেলিস্টদের নিয়ে একটি আলোচনা অনুষ্ঠান আয়োজন করছে যা বিভিন্ন টিভি চ্যানেল এবং অনলাইনে আগামী ১৪ ডিসেম্বর ২০২০ প্রচারিত হবে।

৩. মুজিববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনক্রমে জাতীয় বাস্তবায়ন কমিটির উদ্যোগে এবং শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সার্বিক সহযোগিতায় আগামী ১লা ডিসেম্বর ২০২০ হতে ১০০ দিনব্যাপী একটি অনলাইন কুইজ প্রতিযোগিতা আয়োজিত হতে যাচ্ছে। এ প্রতিযোগিতায় প্রতিদিন ১০০ জনকে পুরস্কৃত করা হবে এবং সমাপনী দিনে সকল অংশগ্রহণকারীদের মধ্য হতে লটারির মাধ্যমে ১০০ জন বিজয়ীর প্রত্যেককে ১ টি করে মোট ১০০ টি ল্যাপটপ পুরস্কার হিসেবে দেওয়া হবে।

৪. এ অনলাইন কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ ও প্রচারমাধ্যমে আয়োজনটিকে সাফল্যমন্ডিত করতে আপনাদের স্ব-স্ব প্রতিষ্ঠানের সার্বিক সহযোগিতা কামনা করছি। আমরা আশা করি যে, এ প্রতিযোগিতার মধ্য দিয়ে আমাদের জনগন বিশেষভাবে আমাদের নতুন প্রজন্ম বঙ্গবন্ধু ও তাঁর রাজনীতি, তাঁর কর্ম, ত্যাগ ও দেশপ্রেমসহ তাঁর জীবনের সামগ্রিক দিক সম্পর্কে জানতে পারবে এবং বাংলাদেশ ও বাংলাদেশের ইতিহাস নতুন প্রজন্মের নিকট সঠিকভাবে উপস্থাপিত হবে।

৫. সকলের সর্বাত্মক অংশগ্রহণের মাধ্যমে এ আয়োজনকে সর্বাঙ্গীণ সফল করতে আপনাদের সকলের প্রতি বিনীত অনুরোধ করছি।

শুভেচ্ছা ও কৃতজ্ঞতাসহ

ডা. দীপু মনি এমপি
আহ্বায়ক
সেমিনার,ওয়ার্কশপ ও আলোচনা সভা আয়োজন
উপকমিটি

জয় বাংলা

জয় বঙ্গবন্ধু

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

৫ম তলা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

প্রাপক

১. চেয়ারম্যান
বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন

২ .উপাচার্য
জাতীয় বিশ্ববিদ্যালয়

৩. উপাচার্য
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

৪. মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

৫. মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর

৬. মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

অবগতির জন্য অনুলিপি:
প্রধান সমন্বয়কের একান্ত সচিব , জাতীয় বাস্তবায়ন কমিটি